



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পটিয়া, চট্টগ্রাম।
uaopatiya.ctg@gmail.com



চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্য সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতিঃ কৃষিবিদ জনাব কল্পনা রহমান

উপজেলা কৃষি অফিসার

পটিয়া, চট্টগ্রাম

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষ, পটিয়া, চট্টগ্রাম

বিষয়ঃ জনাব বাসুদেব চৌধুরী, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, পটিয়া, চট্টগ্রাম এর স্ত্রীর চিকিৎসার জন্য দোয়া ও আর্থিক সহযোগিতা প্রসঙ্গে।

অদ্য ১৪/০৩/২০২৪ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা কৃষি অফিসারের সম্মেলন কক্ষে উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ জনাব কল্পনা রহমান এর সভাপতিত্বে অত্র দপ্তরের সকল কর্মকর্তা, উপসহকারী কৃষি কর্মকর্তা ও কর্মচারীগণের উপস্থিতিতে এর জরুরী সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছাজ্ঞাপনপূর্বক সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান অত্র দপ্তরে কর্মরত জনাব বাসুদেব চৌধুরীর স্ত্রী দীর্ঘদিন যাবৎ কিডনী রোগে ভুগছেন। কিডনী বিশেষজ্ঞ ডাক্তারগণের মতে বর্তমানে কিডনী প্রতিস্থাপন ছাড়া আর কোন বিকল্প নেই। যেহেতু বাংলাদেশে রক্তের সম্পর্কের ব্যক্তি ছাড়া কিডনী প্রতিস্থাপন করার কোন সুযোগ নেই তাই তাকে পার্শ্ববর্তী দেশ ভারতের ব্যাঙ্গালুরুতে গিয়ে কিডনী প্রতিস্থাপন করতে হবে। এই চিকিৎসা অনেক ব্যয়বহুল যার আনুমানিক খরচ বাংলাদেশী মুদ্রায় প্রায় ৫০ লক্ষ টাকা। তার নিজের পক্ষে এই ব্যয়বহুল চিকিৎসা ব্যয় বহন করা সম্ভব নয় মর্মে তিনি অত্র দপ্তরে আর্থিক সাহায্যের জন্য আবেদন করেন। তার আবেদনের প্রেক্ষিতে উক্ত সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল অফিসসমূহে মানবিক সাহায্যের আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং একান্ত মানবিক কারণে সভাপতি মহোদয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকল সহকর্মীগণকে চিকিৎসা সহযোগিতা প্রদানের জন্য আর্থিক সাহায্যের বিনীত অনুরোধ করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সাহায্য পাঠানোর ঠিকানা

সঞ্চয়ী হিসাবের নামঃ বাসু দেব চৌধুরী (প্রত্যেকটি)

সোনালী ব্যাংক লিঃ, পটিয়া শাখা - ১২১১২০১০২৪১১৫

বাংলাদেশ কৃষি ব্যাংক - ৩০০১-০৩১০১১১১৯৮৬

পূবালী ব্যাংক লিঃ - ০৮৭৮১০১১৩৮৫৫৮

(কল্পনা রহমান)

উপজেলা কৃষি অফিসার

পটিয়া, চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৩৩৯৯০৪৯

স্মারক নং : নং ১২.১৮.১৫৬১.০৩৯.২৮.০২৮.২২-১১৬

তারিখঃ ১৮/০৩/২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ি, ঢাকা
২. পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৩. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৪. অতিরিক্ত পরিচালক, ডিএই..... অঞ্চল (সকল)
৫. উপপরিচালক, প্রশাসন ও পারসোনেল উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৬. উপপরিচালক, ডিএই..... (সকল)
৭. উপজেলা কৃষি অফিসার..... উপজেলা..... জেলা (সকল)

উপজেলা কৃষি অফিসার

পটিয়া, চট্টগ্রাম

ফোনঃ ০২৩৩৩৩৯৯০৪৯